

সোনারগাঁয়ে বিদ্যালয়ের জমি দখল করে সীমানা প্রাচীর

স্টাফ রিপোর্টার, সোনারগাঁ

নারায়নগঞ্জের সোনারগাঁ উপজেলার বৈদ্যেরবাজার পঞ্চাশটি সরকারি বিদ্যালয়ের জমি অবৈধভাবে দখল করে সেখানে সীমানা প্রাচীর নির্মাণ করার অভিযোগ উঠেছে। আওয়ামী লীগের নামধারী ২ প্রভাবশালী নেতা ওই জমি দখল করে সেখানে এ সীমানা প্রাচীর নির্মাণ করেন। এ ঘটনার প্রতিবাদে বৃহস্পতিবার দুপুরে ওই বিদ্যালয়ের শিক্ষার্থী, অভিভাবক ও শিক্ষকরা এলাকায় বিক্ষোভ মিছিল বের করে। পরে বিক্ষুব্ধ শিক্ষার্থী, অভিভাবক ও শিক্ষকরা সোনারগাঁ উপজেলা নির্বাহী কর্মকর্তার কাছে একটি লিখিত অভিযোগ করেন।

বৈদ্যেরবাজার পঞ্চাশটি সরকারি বিদ্যালয়ের শিক্ষার্থী, অভিভাবক ও শিক্ষকরা জানান, উপজেলা বৈদ্যেরবাজার ইউনিয়নের ৬৫নং পঞ্চাশটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের কিছু জমি অবৈধভাবে দখল করে সেখানে সীমানা প্রাচীর নির্মাণ করেছেন বৈদ্যেরবাজার ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান মাহাবুব সরকারের চাচা আওয়ামী লীগের নামধারী নেতা সিরাজুল ইসলাম সরকার ও একই গ্রামের মোয়াজ্জেম নামের দুই ব্যক্তি। কয়েক দিন ধরে এ সীমানা প্রাচীর নির্মাণ করে তারা এ জমি দখলে নেয়। এ ব্যাপারে বিদ্যালয় কর্তৃপক্ষ বাধা দিলেও তাতে কোনো প্রকার তেয়াগ করেনি ওই দুই প্রভাবশালী নেতা।

এ ব্যাপারে মোয়াজ্জেম হোসেন ও সিরাজুল ইসলাম সরকারের সঙ্গে যোগাযোগ করা হলে তারা জানান, তাদের বিরুদ্ধে আনীত অভিযোগ সম্পূর্ণ মিথ্যা। তারা তাদের নিজস্ব জমিতেই বাড়ি নির্মাণ করেছেন। বিদ্যালয়ের কোনো জমি তারা দখল করেননি।

সোনারগাঁ উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আবু নাছের ভূঞা জানান, বিদ্যালয়ের জমি অবৈধভাবে জোরপূর্বক দখল করে সীমানা প্রাচীর নির্মাণ করার ব্যাপারে একটি অভিযোগ পাওয়া গেছে। অভিযোগ পাওয়ার পর বিদ্যালয়ের জমির ওপর সীমানা প্রাচীর নির্মাণকাজ বন্ধ করে দেয়া হয়েছে।

সোনারগাঁ আসনের সংসদ সদস্য লিয়াকত হোসেন খোকা বলেন, বিদ্যালয়ের জমি অবৈধভাবে দখলকারীদের কোনোভাবেই ছাড় দেয়া হবে না। অবৈধ দখলদারদের উচ্ছেদের জন্য স্থানীয় প্রশাসনকে নির্দেশ দেয়া হয়েছে।